[illegible]

[illegible]

**Job Category:** Administration/General Management

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 11 Nov 2024

**Application Deadline:**11 Dec 2024

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.২৩-৭২৯

তারিখঃ ২২ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা (কম/বেশি) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)<br>৳ ২২০০০–৫৩০৬০/=<br>(গ্রেড-০৯) | ১৬ (ষোল)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কলা, সামাজিক বিজ্ঞান, আইন, ব্যবসায় প্রশাসন বা বিজ্ঞান অনুষদভুক্ত যে কোন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ২. | ফিল্ড গবেষণা কর্মকর্তা<br>৳ ২২০০০–৫৩০৬০/=<br>(গ্রেড–০৯) | ১ (এক)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৩. | সহকারী প্রোগ্রামার<br>৳ ২২০০০–৫৩০৬০/=<br>(গ্রেড–০৯) | ১ (এক)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার প্রকৌশল বা ইনফরমেশন এবং কমিউনিকেশন টেকনোলজিতে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>২) কোন স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য;<br>৩) কম্পিউটার প্রোগ্রামিং এর স্ট্যান্ডার্ড অ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ; এবং<br>৪) কম্পিউটার সিস্টেম এনালাইসিসে দক্ষতা। |
| ৪. | সহকারী জিআইএস স্পেশালিষ্ট<br>৳ ২২০০০–৫৩০৬০/=<br>(গ্রেড–০৯) | ২ (দুই)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (জিআইএস), নগর ও অঞ্চল পরিকল্পনা, নগর ও গ্রাম পরিকল্পনা, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার প্রকৌশল বা ভূগোলে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৫. | টেবুলেটর<br>৳ ১৬০০০–৩৮৬৪০/=<br>(গ্রেড–১০) | ২ (দুই)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৬. | পরিদর্শক (বন/প্লান্ট)<br>৳ ১৬০০০–৩৮৬৪০/=<br>(গ্রেড–১০) | ১ (এক)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে উড-ওয়ার্কিং বা বন প্রযুক্তিবিদ্যায় ডিপ্লোমা।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা বা উদ্ভিদবিদ্যা বিষয়ে স্নাতকসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭. | হিসাবরক্ষক<br>৳ ১১৩০০–২৭৩০০/=<br>(গ্রেড–১২) | ১০ (দশ)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৮. | সহকারী হিসাবরক্ষক<br>৳ ১১০০০–২৬৫৯০/=<br>(গ্রেড–১৩) | ০৫ (পাঁচ)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। |
| ৯. | ল্যাবরেটরী টেকনিশিয়ান<br>৳ ১১০০০–২৬৫৯০/=<br>(গ্রেড–১৩) | ০২ (দুই)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে উড টেকনোলজিতে ডিপ্লোমা।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিদ্যা, বনবিদ্যা বা রসায়নে স্নাতক ডিগ্রি। |
| ১০. | ওয়্যারলেস টেকনিশিয়ান/ ওয়্যারলেস মেকানিক<br>৳ ১০২০০–২৪৬৮০/=<br>(গ্রেড–১৪) | ০৩ (তিন)টি | অনূর্ধ্ব ৪০ বৎসর | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>২) সরকারী বা স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান, টেলিফোন সংস্থা, মোবাইল ফোন অপারেটরে সলিড স্টেট ট্রান্সমিটার ও রিসিভার মেরামত সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ১১. | উচ্চমান সহকারী<br>৳ ১০২০০–২৪৬৮০/=<br>(গ্রেড–১৪) | ১ (এক)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |
| ১২. | ক্যাশিয়ার<br>৳ ১০২০০–২৪৬৮০/=<br>(গ্রেড–১৪) | ১ (এক)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রি; এবং<br>২) সরকার কর্তৃক বিধি মোতাবেক নির্ধারিত (যদি থাকে) জামানত প্রদান করিতে হইবে। |
| ১৩. | ড্রাফটসম্যান গ্রেড-৪<br>৳ ৯৭০০–২৩৪৯০/=<br>(গ্রেড–১৫) | ০৪ (চার)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট(এইচএসসি) (ভোকেশনাল) পাস; এবং<br>২) Auto CAD বা অনুরূপ কোন প্রোগ্রামে নকশা প্রণয়নের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪. | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী<br>৳ ৯৩০০–২২৪৯০/=<br>(গ্রেড–১৬) | ০৭ (সাত)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>২) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>৩) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ শব্দ থাকতে হবে। |
| ১৫. | সোলার ইন্সপেক্টর<br>৳ ৯৩০০–২২৪৯০/=<br>(গ্রেড–১৬) | ০৪ (চার)টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল)সহ জেনারেল ইলেকট্রিশিয়ান এ দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ–তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) পাশ। |

সমকাল

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত শর্তাবলী:**

০১। পরীক্ষায় অংশহণে ইচ্ছুক প্রার্থীকে http://brebr.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে Online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ১২-১১-২০২৪ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১-১২-২০২৪ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা ।

০২। ১২-১১-২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

০৩। মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় অনুযায়ী বাপবিবো'র সমাপ্ত প্রকল্পের যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রকল্পের শেষ দিন পর্যন্ত সন্তোষজনকভাবে কর্মে নিয়োজিত ছিলেন, তারা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের ইস্যুকৃত প্রত্যয়নপত্র সংগ্রহ সাপেক্ষে আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে তারা আইন অনুযায়ী বয়স শিথিলকরণ সুবিধা পাবেন।

০৪। পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ১-৪ এ উল্লিখিত পদের জন্য ৬৬৯/- (ছয়শত উনসত্তর) টাকা, ক্রমিক নং- ৫ ও ৬ এ উল্লিখিত পদের জন্য ৫৫৮/- (পাঁচশত আটান্ন টাকা), ক্রমিক নং- ৭ এ উল্লিখিত পদের জন্য ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ টাকা) এবং ক্রমিক নং- ৮-১৫ এ বর্ণিত পদের জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা আবেদন Submit করার পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

০৫। আবেদন ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য শর্তাবলী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েবসাইট www.reb.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর http://brebr.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
**Bangladesh Rural Electrification Board**
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified
www.reb.gov.bd

**(শারমিন মাহমুদ)**
পরিচালক (অ. দা.)
কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদরদপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯

বাপবিবো/জন (২৪১১-৬২)২০২৪-২০২৫
GC-481/24 (17.5"x4)